33
20 JUN 1997
দৈনিক ইত্তেফাক
তারিখ ১৯ JUN 1997
পৃষ্ঠা: ১ কলাম ২

# ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ আগামী বাজেটে ঘাটতি হইবে প্রায় সাত কোটি টাকা

**আনোয়ার আলদীন** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৯৭-৯৮ আর্থিক বছরের জন্য ৬ কোটি ৭৩ লক্ষ ৭৬ হাজার টাকার ঘাটতিসহ মোট ৫৯ কোটি ৪৯ লক্ষ ১৪ হাজার টাকার

(১৫শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

রাজস্ব বাজেট প্রণয়ন করা হইয়াছে। আগামী ২২শে জুন অনুষ্ঠিতব্য বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের সভার মাধ্যমে এই বাজেট সিনেটে পেশ করার জন্য সুপারিশ করা হইবে। বিশ্ববিদ্যালয়ে বার্ষিক সিনেট অধিবেশন শুরু হইবে আগামী ২৮শে জুন। প্রস্তাবিত ১৯৯৭-৯৮ আর্থিক বছরের বাজেটে মোট রাজস্ব আয় ধরা হইয়াছে ৫৫ কোটি ৪৩ লক্ষ টাকা। এই আয়ের মধ্যে ৫০ কোটি ৪৩ লক্ষ টাকা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এবং ৫ কোটি টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস হইতে সংগৃহীত হইবে। বাজেট ঘাটতির ৬ কোটি ৭৩ লক্ষ ৭৬ হাজার টাকা অতিরিক্ত বরাদ্দ মঞ্জুরীর জন্য সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনকে অনুরোধ জানানো হইয়াছে।

ইহার বাহিরে বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পের (১৯৯৭-৯৮) অধীনে ৮ কোটি ১৯ লক্ষ ৯৭ হাজার ৩ শত টাকার একটি নূতন প্রকল্প সারপত্র দাখিল করা হইয়াছে এবং ইতিমধ্যে সরকার কর্তৃক অনুমোদন লাভ করিয়াছে। বলিয়া মৌখিকভাবে জানা গিয়াছে। প্রধানমন্ত্রীর বিশেষ অনুদানে শিক্ষকদের ৮০ ফ্ল্যাট বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণের জন্য প্রায় ১৬ কোটি টাকার পিসিপি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সরকারের নিকট পেশ করিয়াছে।

প্রস্তাবিত বাজেটে উল্লেখযোগ্য ব্যয়ের খাতসমূহ হইল: শিক্ষা ও গবেষণা কার্যক্রমে ২৫ কোটি ৩৩ লক্ষ ৫১ হাজার টাকা, শিক্ষা সহায়ক খাতে ৪ কোটি ৬৯ লক্ষ ৮৯ হাজার টাকা, প্রশাসনিক খাতে ১৮ কোটি ৯২ লক্ষ ১৬ হাজার টাকা এবং সাধারণ কার্যক্রম ও বিবিধ খাতে ১০ কোটি ৫৪ লক্ষ ৮ হাজার টাকা।

বাজেটে নিজস্ব আয়ের উৎস ধরা হইয়াছে: ছাত্রদের নিকট হইতে শিক্ষা ফি, খেলাধুলা ফি ও পরীক্ষা ফি, হলসমূহ হইতে আয়, দালান, ইমারত হইতে আয়, বাড়ী ভাড়া ও অন্যান্য সম্পত্তি ভাড়া, প্রকাশনা, বিশ্ববিদ্যালয় পূর্ত বিভাগ ছাত্রদের বাস ভাড়া ইত্যাদি।